দৈনিক ইত্তেফাক

তারিখ: 14 JUN 2015
পৃষ্ঠা: 2 কলাম: ৫

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন

# ২০১৭ সালের মধ্যে আইটি বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার ঘোষণা

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেটের ১৭তম বার্ষিক অধিবেশন গতকাল শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সিনেট হলে অনুষ্ঠিত হয়। সিনেট চেয়ারম্যান ও ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সিনেট সভায় মোট ৫০ সদস্য উপস্থিত ছিলেন। ভাইস-চ্যান্সেলর তার বক্তব্যে এ পর্যন্ত কার্যকর হওয়া ২৮টি, বাস্তবায়নাধীন ৯টি এবং ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে ১০টি পদক্ষেপের কথা তুলে ধরেন।

তিনি বলেন, ২০১৭ সালের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ আইটিভিত্তিক এবং ২০১৮-এর মধ্যভাগ থেকে সম্পূর্ণ সেশনজটমুক্ত হিসেবে গড়ে তোলা হবে। তিনি আরো বলেন, ২০১৬ সালের শেষের দিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম কনভোকেশন অনুষ্ঠান, র‍্যাংকিংয়ের ভিত্তিতে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে পুরস্কৃত করা, এসএসসি ও এইচএসসির ফলাফলের ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি, সকল বিশ্ববিদ্যালয়ের শেষে নয়, বরং ভর্তি কার্যক্রম এগিয়ে ১ ডিসেম্বর থেকে ক্লাস শুরু হবে। অধিবেশনে বার্ষিক রিপোর্ট এবং ১শ ৮১ কোটি ৪৫ লাখ ৯০ হাজার টাকার রাজস্ব ও ১শ ৬৭ কোটি ৯৬ লাখ ৫০ হাজার টাকার উন্নয়ন বাজেট পাস হয়।